দৈনিক সংবাদ

তারিখ ... 08 JUN 1997 ...
পৃষ্ঠা ... ৮ ... কলাম ... ৬ ...



রাষ্ট্রপতি বিচারপতি শাহাবুদ্দিন আহমদ গতকাল বৃহস্পতিবার ওসমানী স্মৃতি মিলনায়তনে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহের উদ্বোধনী অনুষ্ঠানে ভাষণ দেন।

### ২০তম জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহের উদ্বোধন

# কারিগরি শিক্ষাকে অগ্রাধিকার দিতে হবেঃ রাষ্ট্রপতি

২০তম জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ শুরু হয়েছে। কিশোর ও তরুণদের বিজ্ঞানের অগ্রযাত্রা অবহিত করার জন্য বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহের আয়োজন করা হয়।

বাসস জানায়, রাষ্ট্রপতি বিচারপতি সাহাবুদ্দিন আহমদ গতকাল বৃহস্পতিবার ওসমানী স্মৃতি মিলনায়তনে বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহের উদ্বোধন করেন। বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় আয়োজিত বিজ্ঞান সপ্তাহে ৭৩টি কেন্দ্রের ১শ' ৪৬টি বিজ্ঞান প্রকল্প প্রদর্শন করা হচ্ছে। দু'ঘন্টা বিরতিসহ সকাল ১০টা থেকে বিকেল ৫টা পর্যন্ত প্রদর্শনী জনসাধারণের জন্য খোলা থাকবে।

রাষ্ট্রপতি সাহাবুদ্দিন তার ভাষণে বলেন, নতুন কর্মকৌশল প্রণয়নের জন্য আগামী শতাব্দীর দিকে নজর রেখে বিজ্ঞান ও প্রযুক্তি নীতির পুনর্বিন্যাস করা উচিত।

বিজ্ঞান ও প্রযুক্তির উন্নয়নে একটি দীর্ঘমেয়াদি পরিকল্পনা গ্রহণের পাশাপাশি তার প্রয়োগের ক্ষেত্র সম্প্রসারণের প্রয়োজনীয়তার ওপর রাষ্ট্রপতি গুরুত্ব আরোপ করেন। কাঙ্ক্ষিত লক্ষ্য অর্জনে তিনি বিজ্ঞান ও প্রযুক্তির প্রয়োগ এবং প্রযুক্তিগত বিজ্ঞানের চাহিদার মধ্যে সমন্বয় সাধনের আহ্বান জানান। বিচারপতি সাহাবুদ্দিন বলেন, বিপুল জনগোষ্ঠীকে মানব সম্পদে রূপান্তর করার জন্য কারিগরি শিক্ষার উপর অগ্রাধিকার দিতে হবে। তিনি আরও বলেন, শিক্ষার্থীদের অবশ্যই কারিগরী শিক্ষা গ্রহণ করতে হবে।

উদ্বোধনী অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে আরো বক্তৃতা করেন শিক্ষামন্ত্রী এএসএইচকে সাদেক এবং বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের ভারপ্রাপ্ত সচিব মোঃ ফজলুর রহমান।

রাষ্ট্রপতি বলেন, সংকট–কবলিত বেকার তরুণদের উৎপাদন প্রক্রিয়ায় কার্যকরভাবে নিয়োজিত করতে না পারলে আমাদের সামাজিক ও অর্থনৈতিক উন্নয়ন ব্যাহত হবে।